দৈনিক ইনকিলাব

FEB. 16 2002

তারিখ ........................
পৃষ্ঠা ৩ কলাম ২

১৮ থেকে ২০ ফেব্রুয়ারী

# আমেরিকান ট্রেড শো-তে 'স্টুডেন্ট এ্যাডভাইজিং' শাখার স্টল থাকবে

আমেরিকান সেন্টার ঃ ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের দি আমেরিকান সেন্টার 'আমেরিকান চেম্বার অব কমার্স' আয়োজিত ট্রেড শো-তে তাদের 'স্টুডেন্ট অ্যাডভাইজিং' শাখার বিভিন্ন সেবা সম্পর্কিত বিষয়াদির প্রদর্শনী করতে যাচ্ছে। আগামী ১৮ থেকে ২০ ফেব্রুয়ারী সকাল ১০ থেকে রাত ৮টা পর্যন্ত হোটেল শেরাটনে এই ট্রেড শো অনুষ্ঠিত হবে। আমেরিকান সেন্টারে যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ক্যাটালগ, গ্যাজুয়েট, আন্ডার গ্র্যাজুয়েট ও নানা ধরনের সংক্ষিপ্ত পাঠ্য কোর্সের গাইড, ইন্টারনেট সেবা, TOEFL, SAT, GRE GMAT এবং USMLE প্রভৃতি পরীক্ষার উপকরণ ছাড়াও যুক্তরাষ্ট্রে অধ্যয়নের উদ্দেশ্যে গমনেচ্ছু ছাত্র-ছাত্রীদের ভিসা প্রক্রিয়াকরণের ব্যাপারে তথ্যাদি, সে দেশে অধ্যয়নে ইচ্ছুক ছাত্ররা কিভাবে বৃত্তিমূলক সহায়তা পেতে পারে ইত্যাদি বিষয়ে জানতে পারা যায়। এছাড়াও স্টুডেন্ট অ্যাডভাইজিং শাখা যুক্তরাষ্ট্রে অধ্যয়নের ব্যাপারে ছাত্রদের ব্যক্তিগতভাবেও পরামর্শ দিয়ে থাকে। যুক্তরাষ্ট্রে পড়াশোনার বিষয়ে স্টুডেন্ট অ্যাডভাইজিং শাখার কিছু ভবিষ্যৎ কর্মসূচীর তারিখ ও সময় ট্রেড শো-তে আমেরিকান সেন্টারের ৫৮ নম্বর বুথ (টেনিস কোর্ট) থেকে জানিয়ে দেয়া হবে। এ সংক্রান্ত অতিরিক্ত কোন তথ্যের জন্য আমেরিকান সেন্টারের স্টুডেন্ট অ্যাডভাইজিং অফিসে ৮৮১৩৪৪০-৪ ফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে।